# জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং- ৪৮(০২২)জাতী:বি:/ক:ম:ই:/পুল:শি/২০২৬/ ৪৫০

তারিখ : ০৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে বিভিন্ন বিষয়ে বিদ্যমান শিক্ষক সংকট নিরসন, দক্ষতাভিত্তিক ও কর্মমুখী শিক্ষাদান কার্যক্রম সম্প্রসারণ, তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষা কার্যক্রম জোরদার, উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের নিরবচ্ছিন্ন পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে বিষয়ভিত্তিক শিক্ষক পুল (খন্ডকালীন) গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। একই সঙ্গে অবসরপ্রাপ্ত যোগ্য ও অভিজ্ঞ শিক্ষক এবং সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ বিশেষজ্ঞদের জ্ঞান, অভিজ্ঞতা ও দক্ষতাকে কার্যকরভাবে কাজে লাগানোর মাধ্যমে শিক্ষার মানোন্নয়নে তাঁদের সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

উক্ত শিক্ষক পুল (খণ্ডকালীন)-এ অন্তর্ভুক্তির জন্য আগ্রহী যোগ্য শিক্ষক ও বিশেষজ্ঞদের নিম্নবর্ণিত লিংকে প্রবেশ করে নির্ধারিত Job Title-এ জব টাইটেলে "Apply Now" বাটনে ক্লিক করতে হবে। অত:পর নিজস্ব User Account তৈরি করে Login-এর মাধ্যমে অনলাইনে প্রদত্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক আগামী ১০/০৯/২০২৬ তারিখের মধ্যে Submit করার জন্য ভাইস-চ্যান্সেলর মহোদয় কর্তৃক আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

**Web Link: https://jobs.nu.ac.bd**

উপর্যুক্ত বিষয়ে আপনাদের সানুগ্রহ সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

অনুমোদনক্রমে

20.08.26

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ
e-mail: registrar@nu.ac.bd
মোবাইল: ০১৭১১৮৮৯৯৬৯

স্মারক নং- ৪৮(০২২)জাতী:বি:/ক:ম:ই:/পুল:শি/২০২৬/ ৪৫০

তারিখ : ০৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. সকল পরিচালক ও বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. অতিরিক্ত পরিচালক ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. অফিস কপি।

(মোঃ সাহাব উদ্দিন আহাম্মদ)
পরিচালক
কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর